113

দৈনিক বাংলা

তারিখ 23 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ২

### চার ইউনিটে আসন সংখ্যা ৩৭২৭

# ঢাকা ভার্সিটি অনার্স ঃ ৫ দিনে ১৪ হাজার ভর্তি ফরম বিক্রি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষ ভর্তির ফরম বিতরণের গতকাল বুধবার পঞ্চম দিন পর্যন্ত ১৪ হাজারেরও বেশী ফরম বিক্রি হয়েছে। ধারণা করা হচ্ছে এবার ৫০ হাজারের মত ফরম বিক্রি হবে। গতবার বিক্রি হয়েছিল ৩৪ হাজার ৫শ ফরম।

আসন সংখ্যা এবার কিছুটা বৃদ্ধি করা হলেও এই হারে ফরম বিক্রি হতে থাকলে ১টি আসনের জন্য প্রতিযোগীর সংখ্যা ১৭তে গিয়ে দাঁড়াবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ৪টি ইউনিটে মোট আসন সংখ্যা ৩৭২৭। গতবার এই আসন সংখ্যা ছিল ৩ হাজার ৫২১।

এবার প্রিলিমিনারীতে কিছু আসন হ্রাস করে অনার্সে বৃদ্ধি করা হলেও প্রতিযোগিতা হবে গতবারের তুলনায় আরো বেশী।

সংশ্লিষ্ট সূত্র জানান, এবার ক ও খ ইউনিটের চেয়ে খ ও গ ইউনিটে প্রতিদ্বন্দ্বিতা বেশী হবে। গতকাল পর্যন্ত খ ও গ ইউনিটে ভর্তির আবেদন ফরম ক ও ঘ ইউনিটের চেয়ে এক হাজারের মত বেশী বিক্রি হয়েছে। আগামী মার্চ মাসের

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি অনার্স

(প্রথম পৃষ্ঠার পর)

মাঝামাঝি পর্যন্ত ফরম বিতরণ অব্যাহত থাকবে। ঈদের দিন কেবলমাত্র ফরম বিতরণ বন্ধ থাকবে বলে সংশ্লিষ্ট সূত্র জানান।

এইচএসসি পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব হবার কারণে এই প্রথমবারের মত দীর্ঘ সময় ধরে ভর্তির ফরম বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অনার্স ভর্তি পরীক্ষায় কর্তৃপক্ষ কিছু নতুন শর্তারোপ করলেও ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ফরম গ্রহণের কমতি লক্ষ্য করা যাচ্ছে না।

এবার অনার্স ভর্তি কিছুদিন দেরী হলেও ক্লাস শুরু হবে আগামী জুলাই থেকে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমীক ক্যালেন্ডার এবার অনার্স প্রথম বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য শুরুতেই কড়াকড়িভাবে পালন করা হবে বলে সূত্র জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমীক কমিটির একজন সদস্য এ প্রসঙ্গে বলেন, ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে যে সমস্ত ছাত্র-ছাত্রী ভর্তি হবেন তাদের তেমন সেশন জটের ভেতর পড়তে হবে না যদি অনাকাঙ্ক্ষিত কারণে ভার্সিটি বন্ধ না হয়।